The Country Today

TRUST & FAST CONSULTANCY

340 vacant seats filled in DU first-year Undergraduate Program

DU Correspondent

A total of 340 vacant seats in various departments and institutes under the first-year undergraduate program of the University of Dhaka for the academic year 2024–2025 have been filled.

These seats were filled in accordance with a decision taken at an emergency meeting of the Deans' Committee held on 3 August 2025, presided over by the Vice-Chancellor of the University of Dhaka, Professor Dr. Niaz Ahmad Khan.

It is to be mentioned that after the completion of the admission process for the first-year undergraduate program in Continued to page 2

340 vacant seats filled

the 2024–2025 session at the University of Dhaka, a number of seats in several units remained vacant. Based on the decision of the emergency Deans' Committee meeting, an opportunity for special migration was provided to fill these vacant seats. Through this special migration process, 340 vacant seats were filled from the waiting list.

Among these, 191 seats were filled in the Arts, Law, and Social Sciences Unit, 145 seats in the Science Unit, 3 seats in the Business Studies Unit, and 1 seat in the Fine Arts Unit.

আজকালের খবর



ঢাবি জাপানিজ স্টাডিজ বিভাগে ইনোভেশন ল্যাব ও স্মার্ট ক্লাসরুম উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগে 'সৈয়দ মাহমুদুল হক আইসিটি এন্ড ইনোভেশন ল্যাব' এবং স্মার্ট ক্লাসরুম উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মি. সাইদা শিনইচি গতকাল সোমবার বিভাগীয় মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ল্যাব ও ক্লাসরুম উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুল্লাহ্-আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে ভারতে নিযুক্ত বাংলাদেশের সাবেক হাইকমিশনার লিয়াকত আলী চৌধুরী, পররাষ্ট্র মন্ত্রণালয়ের দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ক সচিব ড. মো. নজরুল ইসলাম এবং জাপান সোলারটেক বাংলাদেশ লিমিটেড-এর পরিচালক সৈয়দ সামিউল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জাপানিজ স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. লোপামুদ্রা মালেক স্বাগত বক্তব্য দেন। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ জাপান ভিত্তিক বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। রাষ্ট্রদূত মি. সাইদা শিনইচি বলেন, আধুনিক যন্ত্রাংশ ও প্রযুক্তি সম্বলিত এই ল্যাব ও ক্লাসরুম যুগোপযোগী ও দক্ষ গ্র্যাজুয়েট তৈরিতে সহায়ক ভূমিকা পালন করবে। জাপানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত বাংলাদেশের শিক্ষার্থীদের সংখ্যা সম্প্রতি অনেক বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে তিনি বলেন, জাপান সবসময় বাংলাদেশের জনগণের পাশে রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে জাপান সরকারের সহযোগিতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। শিক্ষা ও গবেষণার মাধ্যমে দু'দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। জাপান সোলারটেক বাংলাদেশ লিমিটেড-এর পরিচালক সৈয়দ সামিউল হকের সহযোগিতায় এই ল্যাব ও ক্লাসরুম আধুনিকায়ন করা হয়। উল্লেখ্য, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই সৈয়দ মাহমুদুল হকের পুত্র। বিজ্ঞপ্তি

প্রথম আলো



ডাকসু নির্বাচন উপলক্ষে গতকাল মনোনয়ন ফরম সংগ্রহ : ১ প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিনের কাছ থেকে মনোনয়ন ফরম নিচ্ছে ছাত্রদল, ২ ফরম নিতে এসেছে বৈষম্যবিরোধী শিক্ষার্থী সংসদ, ৩ মনোনয়ন ফরম নিচ্ছে স্বতন্ত্র প্যানেল, ৪ মনোনয়ন ফরম সংগ্রহ বাম ছাত্রসংগঠনের, ৫ ছাত্রশিবিরের পক্ষ থেকে ফরম সংগ্রহ। ছবি : প্রথম আলো

ছাত্ররাজনীতিতে পরিবর্তন চান শিক্ষার্থীরা

ডাকসু নির্বাচন

ছাত্রদল, গণতান্ত্রিক ছাত্রসংসদ, শিবির ও বামপন্থী ছাত্রসংগঠনগুলোর পক্ষ থেকে মনোনয়নপত্র সংগ্রহ।

- ডাকসুর কেন্দ্রীয় সংসদে পদ ২৮টি। মনোনয়নপত্র কিনেছেন ৫৬৫ জন।
- ১৮টি হল সংসদের বিভিন্ন পদে ১ হাজার ২২৬ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

মেহেদী হাসান ও আসিফ হাওলাদার, *ঢাকা*

জুলাই গণ-অভ্যুত্থানের পর দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গণরুম ও 'গেস্টরুম সংস্কৃতির' অবসান হয়েছে। এখন আলোচনা হচ্ছে ক্যাম্পাসে ছাত্ররাজনীতি কেমন হবে, এর আওতা কতটা থাকবে—এসব বিষয়ে। ক্যাম্পাসের পাশাপাশি আবাসিক হলে ছাত্ররাজনীতির 'রূপ' কেমন হবে, এ নিয়েও নানা তর্কবিতর্ক চলছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের মাধ্যমে ছাত্ররাজনীতিতে গুণগত পরিবর্তন আসবে, এমন প্রত্যাশা সাধারণ শিক্ষার্থীদের।

ছাত্ররাজনীতির নামে ক্যাম্পাসে, হলে কারও দখলদারত্ব চলুক—এটি চান না শিক্ষার্থীরা। ছাত্রলীগ (এখন নিষিদ্ধ) যেভাবে 'গেস্টরুম সংস্কৃতির' নামে হলে সাধারণ শিক্ষার্থীদের ওপর নির্যাতন চালাত, জোরপূর্বক মিছিলে যেতে বাধ্য করত—সেই সব দিনে আর কেউ ফেরত যেতে চান না। একইভাবে ক্যাম্পাসে-হলে 'গুপ্ত রাজনীতিরও' বিরুদ্ধে তাঁরা। প্রচলিত ও গতানুগতিক ছাত্ররাজনীতির পরিবর্তন চান সাধারণ শিক্ষার্থীরা।

প্রচলিত ছাত্ররাজনীতির সমালোচনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্সেস বিভাগের শিক্ষার্থী আবদুল্লাহ আল মাসরুর *প্রথম আলোকে* বলেন, 'ছাত্রনেতারা শিক্ষার্থীদের মতামতকে গুরুত্ব না দিয়ে শুধুই দলীয় স্বার্থ বাস্তবায়ন করে। ডাকসু হলে সেই জায়গায় ইতিবাচক পরিবর্তন আসবে বলে মনে করছি।'

ডাকসু নির্বাচনের বিষয়ে গতকাল ক্যাম্পাসে গিয়ে বিভিন্ন বিভাগ ও বর্ষের ১৮ জন শিক্ষার্থীর সঙ্গে কথা বলেছে *প্রথম আলো*। শিক্ষার্থীদের চাওয়া, ছাত্ররাজনীতিতে গুণগত পরিবর্তন আসুক। ডাকসু নির্বাচনের মাধ্যমে এই কাজটি শুরু হতে পারে বলে মনে করেন তাঁরা।

প্রচলিত ছাত্ররাজনীতি দীর্ঘদিন দলীয় আধিপত্য, সহিংসতা ও দখলদারত্বে সীমাবদ্ধ ছিল

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫ ডাকসু নির্বাচন পৃষ্ঠা ৬

ছাত্ররাজনীতিতে পরিবর্তন চান শিক্ষার্থীরা

প্রথম পৃষ্ঠার পর

মনে করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী সুস্মিতা মৃধি। তিনি প্রথমে ভোটকে বেছে নেওয়ার যুক্তি দিলেও পরে বলেন, শিক্ষার্থীদের রাজনীতি থেকে দূরে রাখা ঠিক হবে না। তাঁর মতে, ছাত্ররাজনীতির প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।

ডাকসু নির্বাচনে চান 'ফ্যাক্টর'

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

ডাকসু নির্বাচনে ভোট দিতে আগ্রহী ৭৬ শতাংশ শিক্ষার্থী

ডাকসু নির্বাচন নিয়ে নিজেদের ভাবনাগুলো তুলে ধরেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী মাকসুদুল আলম প্রত্যয়। তিনি বলেন, "সিট্রিক ছাত্রসংগঠনের প্রার্থীরা যেসব প্রতিশ্রুতি দিচ্ছেন, তাতে সত্যিকার অর্থে শিক্ষার্থীদের কল্যাণ হলে ছাত্ররাজনীতিকে ইতিবাচক দৃষ্টিতে দেখা যেতে পারে।" তবে তিনি ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নিশ্চিত নন। তাঁর মতে, ছাত্ররাজনীতির ফিরে আসার বিষয়টি নির্ভর করছে ছাত্রসংসদ নির্বাচন কীভাবে হয়, তার ওপর।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৪ ভাদ্র ১৪৩২

DU in Media

19 August 2025

যুগান্তর



ডাকসু নির্বাচন নিয়ে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর ক্যান্টিনে ছাত্রদলের সংবাদ সম্মেলন (বাঁয়ে), প্যানেল ঘোষণা করছেন ইসলামী ছাত্রশিবিরের নেতারা যুগান্তর

ডাকসু নির্বাচনে ২৮ পদের বিপরীতে ৫৬৫ ফরম বিক্রি

উৎসবমুখর ঢাবি ক্যাম্পাস

● আজ ফরম কেনা এবং কাল জমা দেওয়ার শেষদিন ● হল সংসদে ফরম বিক্রি ১২২৬ ● শিবিরসহ তিন প্যানেল চূড়ান্ত ● ছাত্রদল, বাগছাস, বামসহ অধিকাংশের প্যানেল ঘোষণা আজ ● উমামা ফাতেমার স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্যসহ বেশ কয়েকটি স্বতন্ত্র প্যানেলের ফরম সংগ্রহ

মাহাদী হাসান

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে অংশ নিতে ২৮টি পদের বিপরীতে ৫৬৫টি মনোনয়নপত্র বিক্রি করা হয়েছে। আগের ঘোষণা অনুযায়ী, সোমবার ছিল ফরম বিতরণের শেষদিন। কিন্তু এদিন রাতে ফরম বিক্রি ও জমা দেওয়ার সময় একদিন করে বাড়ানো হয়েছে। সেই অনুযায়ী, আজ মঙ্গলবার ফরম কেনা এবং কাল বুধবার জমা দেওয়ার শেষদিন নির্ধারিত হয়েছে।

সোমবার ইসলামী ছাত্রশিবিরসহ তিনটি ছাত্র সংগঠন তাদের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে। জাতীয়তাবাদী ছাত্রদল, বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগছাস), বাম ছাত্র সংগঠনসহ অধিকাংশের প্যানেল ঘোষণা হবে আজ। এর মধ্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অনেক নেতা বাগছাস-এর হয়ে নির্বাচন করছেন। এছাড়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক উমামা ফাতেমার নেতৃত্বে স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্যসহ বেশ কয়েকটি স্বতন্ত্র প্যানেল ফরম সংগ্রহ করেছে। মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দেওয়া কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসজুড়ে সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ। প্রার্থী ও সমর্থক শিক্ষার্থীদের পদচারণা ছিল চোখে পড়ার মতো।

পূর্বনির্ধারিত ঘোষণা অনুযায়ী, ফরম কেনার শেষদিন সোমবার থাকায় প্রায় অধিকাংশ প্রার্থী তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন। ডাকসু নির্বাচনে প্রার্থীদের মোট মনোনয়নপত্র সংগ্রহ দাঁড়িয়েছে এখন পর্যন্ত ৫৬৫ জনে। অন্যদিকে হল সংসদে সলিমুল্লাহ মুসলিম হলে ৭১ জন, শহীদুল্লাহ হলে ৯৭, জগন্নাথ হলে ৬৬, ফজলুল হক মুসলিম ৭৮, জহুরুল হক হলে ৯৩, সূর্যসেন হলে ৯০, মুহসিন হলে ৭৪, শামসুন্নাহার হলে ৩৭, জসীমউদ্দীন হলে ৭৪, জিয়াউর রহমান হলে ৮৭, শেখ মুজিবুর রহমান হলে ৬৯, সুফিয়া কামাল হলে ৪০, রোকেয়া হলে ৪৬, কুয়েত মৈত্রী হলে ২৯, ফজিলাতুন্নেছা মুজিব হলে ৩০, অমর একুশে হলে ৮৪, বিজয় একাত্তর হলে ৮৮, এফ রহমান হলে ৭৩ জনসহ এক হাজার ২২৬ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। সোমবার বিকালে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় অবস্থিত চিফ রিটার্নিং ■ পৃষ্ঠা ৭ : কলাম ৫



ডাকসু নির্বাচন নিয়ে সোমবার সংবাদ সম্মেলনে গণতান্ত্রিক ছাত্র সংসদের নেতারা যুগান্তর



উৎসবমুখর ঢাবি ক্যাম্পাস

দৈনিক আমাদের সময়



ডাকসুতে প্রতিদ্বন্দ্বিতা করবে ১০ প্যানেল

মনোনয়নপত্র সংগ্রহ ৪৪২ জনের

- মনোনয়নপত্র সংগ্রহ ও জমার সময় বাড়ল একদিন
- ছাত্রদলের প্যানেল চূড়ান্ত হয়নি, আলাদাভাবে মনোনয়ন সংগ্রহ
- জোটবদ্ধ হয়ে লড়বে বামপন্থিরা

প্রতিদ্বন্দ্বিতা করবে ১০ প্যানেল

সময়ের আলো



ডাকসু নির্বাচনে অংশগ্রহণের জন্য সোমবার ২৮ সদস্যের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ● সময়ের আলো

সময়ের আলো



ডাকসু নির্বাচন

মব সৃষ্টি করে ফরম নিতে বাধা দেওয়ার অভিযোগ ছাত্রদলের

● ডাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ডাবি) অভিজাত্যের সৃষ্টিকারী হলের হল সংসদ নির্বাচনের মনোনয়ন ফরম সংগ্রহে মব সৃষ্টি করে বাধা দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছে ছাত্রদল। সোমবার সন্ধ্যায় ডাবির মধুর ক্যান্টিনের সামনে সংবাদ সম্মেলনে এমন অভিযোগ করে সংগঠনটি। এ সময় উপস্থিত ছিলেন ডাবি শাখা ছাত্রদলের সভাপতি গোলাম রব্বানী আকাশ, সাধারণ সম্পাদক নাজিমউদ্দিন শিপলসহ কেন্দ্রীয় নেতাকর্মীরা।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ছাত্রদল সভাপতি গোলাম রব্বানী আকাশ। তিনি বলেন, ডাবি প্রশাসনের এই ধারাবাহিক বাধার এবং এখন নৈরাজ্যবাদী মব সৃষ্টিকারীদের বিরুদ্ধে তাঁরা ব্যবস্থা নিতে তদবিরের কারণে বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা এবং ডাকসু নির্বাচনের জন্য অত্যাবশ্যক তোজাম্মেল হলের ভবনে সে ঘটনা প্রকট এই নজিরবিহীন ঘটনার মাধ্যমে সেটিই প্রতীয়মান হয়েছে।

ঘটনাস্থলের সিসি ক্যামেরা ফুটেজ পর্যবেক্ষণ করে ঘটনায় জড়িত সংশ্লিষ্ট সবাইকে ডাকসু বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তাবিষয়ক সভা প্রাক্কালে ও নির্বাচন পরিচালনার সুনির্দিষ্ট আচরণবিধি অনুসারে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন ডাবি ছাত্রদল সভাপতি। তিনি বলেন, আমরা একটি নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে অথবা ডাকু দোলেল হলের প্রোভিশিনাল কমিটির বাতিল প্রস্তাবের দাবি জানাচ্ছি।

খবরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ও হল সংসদ নির্বাচনের মনোনয়নপ্রত্যাশীরা গতকাল সিনেট ভবন থেকে ফরম সংগ্রহ করেন খবরের কাগজ

মনোনয়নপত্র গ্রহণ ও জমার সময় বাড়ল

ডাকসুতে লড়বে ১০ প্যানেল

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

- মোট মনোনয়নপত্র সংগ্রহ ৫৬৫ ও হল সংসদে ১২২৬
- চূড়ান্ত হয়নি ছাত্রদলের প্যানেল, একটি হলে ফরম সংগ্রহে বাধার অভিযোগ
- জোটবদ্ধ হয়ে লড়বেন বামরা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ ও জমার জন্য আরও একদিন (বুধবার পর্যন্ত) বাড়ানো হয়েছে। গতকাল সোমবার পর্যন্ত বিভিন্ন ছাত্রসংগঠন ও সাধারণ শিক্ষার্থীদের নিয়ে প্রায় ১০টি প্যানেল প্রকাশ্যে এসেছে। গতকাল ৪৪২ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। এ ছাড়া এখন পর্যন্ত ডাকসুর বিভিন্ন পদে ৫৬৫ জন এবং ১৮ হলের হল সংসদের বিভিন্ন পদে ১ হাজার ২২৬ জন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

গতকাল সন্ধ্যায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় অবস্থিত চিফ রিটার্নিং অফিসারের অফিস কার্যালয় সামনে এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন। এদিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলে মনোনয়ন ফরম সংগ্রহে মব সৃষ্টি করে বাধা দেওয়ার অভিযোগ তুলেছে ঢাবি শাখা ছাত্রদল। তারা নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করার দাবি তুলেছেন।

প্রধান নির্বাচন কমিশনার বলেন, 'সপ্তম দিনে ডাকসুর বিভিন্ন পদের মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ৪৪২ জন। এখন পর্যন্ত ৭ দিনে ডাকসুতে মোট মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ৫৬৫ জন এবং হল সংসদে মোট মনোনয়নপত্র সংগ্রহ করেছেন ১ হাজার ২২৬ জন। এর মধ্যে ভিপি, জিএস,

>> এরপর পৃষ্ঠা ১২ কলাম ৪

ডাকসুতে লড়বে ১০ প্যানেল

প্রথম পৃষ্ঠার পর

এজিএস, সম্পাদক এবং সদস্য পদে কতজন, তা এখনো নির্ণয় করা হয়নি।'

প্রার্থী ও ভোটার তালিকায় অপরাধী থাকলে বাদ পড়বেন- এ প্রসঙ্গে প্রধান নির্বাচন কমিশনার বলেন, 'এখানে কেউ কোনো দলীয় পরিচয়ে মনোনয়নপত্র নেননি। ভোট গ্রহণের আগের দিন পর্যন্ত কোনো প্রার্থীর নাম অপরাধীর তালিকায় পাওয়া গেলে তাকে প্রার্থিতা থেকে বাদ দেওয়ার সুযোগ আছে।'

প্রকাশ্যে এল ১০ প্যানেল, মনোনয়নপত্র নিতে ছাত্রসংগঠনগুলোর ভিড়

মনোনয়নপত্র সংগ্রহের সপ্তম দিনে বামপন্থি ছাত্রসংগঠনগুলোর জোটসহ ৮টি ছাত্রসংগঠন এবং স্বতন্ত্র মিলিয়ে প্যানেল হয়েছে ১০টি। গতকাল ইসলামী ছাত্রশিবির ২৮ সদস্যের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করে মনোনয়ন সংগ্রহ করেন। এ ছাড়া ছাত্রদল, ইসলামী ছাত্র আন্দোলন, বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ, বাম ছাত্রজোট, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, স্বাধীন বাংলা ছাত্র সংসদ, উমামা ফাতেমার নেতৃত্বে স্বতন্ত্র প্যানেল এবং জুবায়ের-মুসাদ্দেকের আংশিক প্যানেল থেকে মনোনয়নপত্র সংগ্রহের মাধ্যমে প্রকাশ্যে আসে। তবে চূড়ান্ত ঘোষণার অপেক্ষায় রয়েছে ছাত্রদল, বামপন্থি ছাত্রজোট, স্বতন্ত্র প্রার্থী ও অন্যান্য সংগঠন। সংগঠনগুলো বলছে, মঙ্গলবারের মধ্যে সবকিছুর চূড়ান্ত ঘোষণা চলে আসবে।

মনোনয়ন ফরম সংগ্রহ শেষে শিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাব্বাস বলেন, 'আমরা চেষ্টা করেছি একটি ইনক্লুসিভ প্যানেল দেওয়ার। বিশেষ করে বিশেষ চাহিদাসম্পন্ন নারী, অন্যান্য ধর্মাবলম্বীর পাশাপাশি জুলাই আন্দোলন ও ফ্যাসিবাদী সময়ে শিক্ষার্থীদের অধিকার আদায়ে কথা বলতে গিয়ে যারা আক্রমণের শিকার হয়েছে। তাদের আমাদের প্যানেলে রাখার চেষ্টা করেছি। আমরা আশা করব, ডাকসু নির্বাচনের যে সময়সীমা নির্ধারণ করেছে সেই সময়ের মধ্যেই চমৎকার এবং আনন্দঘন নির্বাচন উপহার দেবে।' বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের কেন্দ্রীয় সভাপতি বিন ইয়ামিন মোল্লা বলেন, 'আমাদের প্যানেলের নাম হচ্ছে ডাকসু ফর চেঞ্জ, ভোট ফর চেঞ্জ এবং স্লোগান হচ্ছে, নো মোর ডার্টি পলিটিক্স, নো মোর ভায়োলেন্স, মেইক দ্য ডাকসু অ্যাকাডেমিক এক্সিলেন্স। কারণ আমরা আর বিগত দিনের লেজুড়বৃত্তি, পেশিশক্তি ও দখলদারত্বের রাজনীতিতে ফিরে যেতে চাই না।'

আজ মঙ্গলবার প্যানেল ঘোষণার কথা জানিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা বলেন, 'আমরা যোগ্যতা দেখে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করব। আমরা শিক্ষার্থীবান্ধব একটি ডাকসু প্যানেল ঘোষণা করব।'

মনোনয়ন ফরম সংগ্রহে মব সৃষ্টি করে বাধার অভিযোগ ছাত্রদলের

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলে মনোনয়ন ফরম সংগ্রহে মব সৃষ্টি করে বাধার অভিযোগ তুলেছে ঢাবি শাখা ছাত্রদল। এ নিয়ে গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে করে সংগঠনটি। এ ছাড়া প্রধান নির্বাচন কমিশনার বরাবর অভিযোগপত্র দেওয়া হয়।

অভিযোগপত্রে উল্লেখ করা হয়, 'ফজিলাতুন্নেসা মুজিব হলের কয়েকজন শিক্ষার্থী হল সংসদের রিটার্নিং অফিসারের কার্যালয় হতে ফরম সংগ্রহ করতে গেলে, আমাদের দীর্ঘদিনের অভিযোগ অনুযায়ী প্রশাসনের ভূমিকা পালন করা একদল শিক্ষার্থী মব সৃষ্টি করে ওই হলের কয়েকজন শিক্ষার্থীর ওপর হামলা করার চেষ্টা করে এবং মনোনয়ন ফরম সংগ্রহে বাধা সৃষ্টি করে।'

অভিযোগপত্রে নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে সবার জন্য লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ এবং ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ পর্যবেক্ষণ করে জড়িতদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তাবিষয়ক সব আইন ও নির্বাচন কমিশনের সুনির্দিষ্ট আচরণবিধি অনুসারে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়।

এদিকে সংগঠনটির এমন অভিযোগের পারিপ্রেক্ষিতে প্রকৃত ঘটনা যাচাই, মূল্যায়ন ও সুপারিশ প্রদানের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে আজ মঙ্গলবার দুপুর ১২টার মধ্যে জরুরি ভিত্তিতে সুপারিশ প্রদান করার জন্য অনুরোধ করা হয়েছে।

আলাদাভাবে মনোনয়নপত্র নিলেন ছাত্রদল নেতারা, চূড়ান্ত হয়নি প্যানেল

গতকাল পর্যন্ত নিজেদের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করতে পারেনি বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। সংগঠনটির একাধিক নেতাকে আলাদাভাবে মনোনয়ন ফরম নিতে দেখা গেছে। ওই দিন কেন্দ্রীয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম জিসান; ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আবিদুল ইসলাম খান; জিএস পদে সূর্যসেন হল ছাত্রদলের সদস্যসচিব আবিদুর রহমান মিশু, ঢাবি ছাত্রদলের তথ্য ও গবেষণা সম্পাদক জারিফ রহমান, কবি জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর বারী হামিম; এজিএস পদে বিজয় একাত্তর হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর আল হাদী মায়েদসহ কয়েকজন মনোনয়নপত্র নিয়েছেন। মনোনয়ন ফরম সংগ্রহ শেষে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আবিদুল ইসলাম খান বলেন, 'আমরা এখন শুধু মনোনয়ন ফরম সংগ্রহ করছি। তবে কারা কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন, সেই চূড়ান্ত সিদ্ধান্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেবেন। কেন্দ্রীয় সিদ্ধান্তের ভিত্তিতেই ডাকসুতে ছাত্রদলের প্যানেল গঠিত হবে।' কবি জসীমউদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক তানভীর বারী হামিম মনোনয়নপত্র সংগ্রহের সময় শতাধিক নেতা-কর্মী নিয়ে স্লোগান দেন। বিষয়টিকে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ হিসেবে দেখা হয়েছে। যদিও এমন কর্মকাণ্ডে পরবর্তী সময় সবাইকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার।

এক দিন বাড়ানো হলো মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণের সময়

ডাকসু ও হল সংসদ নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণের সময় এক দিন বাড়ানো হয়েছে। গতকাল রাতে ডাকসু ও হল সংসদ নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে তা জানানো হয়। এতে বলা হয়, '২০২৫ সালের ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষার্থীদের মধ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়েছে। আমরা আরো লক্ষ করেছি, বিপুলসংখ্যক শিক্ষার্থী মনোনয়নপত্র সংগ্রহের জন্য ভিড় করলে কোনো কোনো হল ও কেন্দ্রীয় দপ্তর থেকে নির্ধারিত সময়ের মধ্যে মনোনয়নপত্র সংগ্রহ করতে পারেননি। এই অবস্থায় গণতান্ত্রিক অধিকার চর্চার সুযোগ সবার জন্য সমান ও সমুন্নত রাখার তাগিদে মনোনয়নপত্র সংগ্রহ ও জমার সময় এক দিন বাড়িয়ে আগামীকাল বুধবার (২০ আগস্ট) বিকেল ৫টা পর্যন্ত করা হলো।

ডাকসুতে লড়ছেন যারা

ইসলামী ছাত্রশিবির ২৮ সদস্যের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে। ঘোষিত প্যানেলে ভিপি পদে আছেন সাদিক কায়েম, জিএস পদে এস এম ফরহাদ এবং এজিএস পদে মহিউদ্দিন খান। এ ছাড়া মুক্তিযুদ্ধ ও গণআন্দোলন পদে যুক্ত হয়েছেন ইনকিলাব মঞ্চের ফাতিমা তাসনীম জুমা, আন্তর্জাতিক সম্পাদক পদে রয়েছেন জুলাই আন্দোলনে চোখ হারানো খান জসীম। সদস্য পদে লড়বেন সর্ব মিত্র চাকমা ও দৃষ্টি প্রতিবন্ধী রাইসুল ইসলাম। ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ গত ৭ আগস্ট সম্ভাব্য প্যানেল ঘোষণা করে। ভিপি পদে ইয়াসিন আরাফাত, জিএস পদে খায়রুল আহসান মারজান এবং এজিএস পদে সাইফ মুহাম্মদ আলাউদ্দিন প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে জানানো হয়। তবে অন্য সংগঠন বা স্বতন্ত্রদের সঙ্গে সংযুক্ত প্যানেলে যেতে পারেন তারা। বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ থেকে ভিপি পদে সংগঠনটির ঢাবি শাখার আহ্বায়ক আবদুল কাদের, জিএস পদে কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার, কেন্দ্রীয় মুখপাত্র আশরেফা খাতুন এজিএস, কেন্দ্রীয় মুখ্য সংগঠক তাহমিদ আল মুক্তাসির আন্তর্জাতিক সম্পাদক পদে লড়বেন। ছাত্র অধিকার পরিষদের কয়েকটি পদ বাদে বাকি পদগুলোতে চূড়ান্ত প্যানেল ঘোষণা করেছে পরিষদ। সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি বিন ইয়ামিন মোল্লা সহসভাপতি পদে এবং সাবিনা ইয়াসমিন সাধারণ সম্পাদক পদে লড়বেন বলে জানান। এ ছাড়া এজিএস পদে লড়বেন সংগঠনটির ঢাবি শাখার সদস্যসচিব রাকিবুল ইসলাম। এ প্যানেলের নাম হবে 'ডাকসু ফর চেঞ্জ'। বাংলাদেশ ছাত্র ফেডারেশন আংশিক প্যানেল থেকে ডাকসু নির্বাচনে অংশ নেবে। সংগঠনটির ঢাবি শাখার আহ্বায়ক আরমানুল হক এজিএস, সাকিবুর রনি স্বাস্থ্য ও পরিবেশবিষয়ক সম্পাদক, সীমা আক্তার সমাজসেবা সম্পাদক পদে লড়বেন। স্বাধীন বাংলা ছাত্র সংসদ 'ডিইউ ফাইট' নামে প্যানেল ঘোষণা করেছে। ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন জামালুদ্দীন মোহাম্মদ খালিদ এবং জিএস পদে মাহীন সরকার। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা স্বতন্ত্র প্যানেলের ঘোষণা দিয়েছেন। ভিপি পদে তিনি নিজে, জিএস পদে সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আল সাদী ভূঁইয়া এবং এজিএস পদে বর্তমান সভাপতি মহিউদ্দিন মুজাহিদ মাহী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ প্যানেলের সম্ভাব্য নাম হতে পারে 'স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য'। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখ্য সমন্বয়ক এবি জুবায়ের ও জুলাই ঐক্যের সংগঠক মুসাদ্দেক আলী ইবনে মুহাম্মদ আংশিক স্বতন্ত্র প্যানেলের ঘোষণা দিয়েছেন। সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে মুসাদ্দেক এবং সমাজসেবা সম্পাদক পদে জুবায়ের মনোনয়নপত্র নিয়েছেন।

জোটবদ্ধ হয়ে লড়বেন বামপন্থিরা

বামপন্থি ছাত্রসংগঠনগুলোর সমন্বিত জোট গণতান্ত্রিক ছাত্রজোটের নেতা-কর্মীরা। মনোনয়নপত্র সংগ্রহ করলেও এখন পর্যন্ত প্যানেলের নাম ঘোষণা করেনি। জোটের পক্ষ থেকে ভিপি পদে মনোনয়ন নিয়েছেন শামসুন্নাহার হল ছাত্র সংসদের সাবেক ভিপি শেখ তাসনিম আফরোজ ইমি এবং জিএস ছাত্র ইউনিয়নের ঢাবি সভাপতি মেঘমল্লার বসু।

প্যানেল ঘোষণা করেন বিপ্লবী ছাত্রমৈত্রীর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এবং এজিএস পদপ্রার্থী জাবির আহমেদ জুবেল বলেন, 'ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বিপ্লবী ছাত্রমৈত্রী, ছাত্র কাউন্সিল, ছাত্র যুব আন্দোলন, পাহাড়ি ছাত্র পরিষদ, গণতান্ত্রিক ছাত্র মঞ্চ ও সাধারণ শিক্ষার্থীদের নিয়ে তাদের প্যানেল করা হয়েছে। কিছু পদে ইতোমধ্যে নাম ঘোষণা করা হয়েছে এবং বাকি পদগুলোতে জোটের কারা প্রার্থী হতে যাচ্ছেন, সেটি আজ মঙ্গলবার প্রকাশ করা হবে বলে জানানো হয়েছে।' এদিকে ভোটের অন্তত ১৫ দিন আগে পরীক্ষা স্থগিত করাসহ ছয় দাবি জানিয়েছে, ছাত্রসংগঠনগুলোর সমন্বিত জোট গণতান্ত্রিক ছাত্রজোট। মনোনয়নপত্র সংগ্রহ শেষে সংবাদমাধ্যমে কথা বলার সময় দাবিগুলো তুলে ধরেন ছাত্র ইউনিয়নের ঢাবি শাখার সভাপতি মেঘমল্লার বসু।

ডাকসু ও হল সংসদ নির্বাচনে সবমিলিয়ে মনোনয়নপত্র বিক্রি হয়েছে ১ হাজার ৭৯১টি। ডাকসুর ২৮টি পদের বিপরীতে মোট ৫৬৫টি মনোনয়নপত্র বিক্রি হয়েছে। আর হল সংসদ নির্বাচনের জন্য ১৬টি হলে বিক্রি হয়েছে ১ হাজার ২২৬টি মনোনয়নপত্র। ডাকসুর প্রতি মনোনয়নপত্র বিক্রি হয়েছে ৩০০ টাকা এবং হল সংসদের প্রতি মনোনয়নপত্র বিক্রি হয়েছে ২০০ টাকায়। সেই হিসাবে ডাকসুর মনোনয়নপত্র থেকে মোট আয় ১ লাখ ৬৯ হাজার ৫০০ টাকা, ১৬ হলের সংসদ নির্বাচনের মনোনয়ন ফরম বিক্রিতে মোট আয় ২ লাখ ৪৫ হাজার ২০০ টাকা। সব মিলিয়ে ডাকসু ও হল সংসদ নির্বাচনে মোট মনোনয়নপত্র বিক্রি হয়েছে ৪ লাখ ১৪ হাজার ৭০০ টাকার।

এদিকে হলভিত্তিক মনোনয়নপত্র সংগ্রহের পরিসংখ্যান অনুযায়ী ড. মুহম্মদ শহীদুল্লাহ হলে সর্বাধিক ৯৭ জন এবং বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলে সর্বনিম্ন ২৯ জন মনোনয়নপত্র নিয়েছেন। এ ছাড়া সলিমুল্লাহ মুসলিম হলে ৭১ জন, জগন্নাথ হলে ৬৬ জন, ফজলুল হক মুসলিম হলে ৭৮ জন, শহিদ সার্জেন্ট জহুরুল হক হলে ৯৩ জন, রোকেয়া হলে ৪৬ জন, সূর্যসেন হলে ৯০ জন, হাজী মুহম্মদ মুহসীন হলে ৭৪ জন, শামসুন নাহার হলে ৩৭ জন, কবি জসীম উদ্দীন হলে ৭৪ জন, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলে ৮৭ জন, শেখ মুজিবুর রহমান হলে ৬৯ জন, শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলে ৩০ জন, অমর একুশে হলে ৮৪ জন, কবি সুফিয়া কামাল হলে ৪০ জন, বিজয় একাত্তর হলে ৮৮ জন এবং স্যার এ এফ রহমান হলে ৭৩ জন মনোনয়নপত্র নিয়েছেন। তফসিল অনুযায়ী আজ মঙ্গলবার (১৯ আগস্ট) বেলা ৩টার মধ্যে প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে হবে।

প্রসঙ্গত, ডাকসুর ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র বাছাই শেষে ২১ আগস্ট প্রাথমিক প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে। চার দিনের মধ্যে প্রার্থিতা প্রত্যাহার শেষে ২৬ আগস্ট প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ এবং সব শেষ ৯ সেপ্টেম্বর সকাল ৮টা থেকে বেলা ৩টা পর্যন্ত নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৪ ভাদ্র ১৪৩২

DU in Media

19 August 2025

রুপালি বাংলাদেশ



ডাকসু নির্বাচনে অংশগ্রহণের জন্য সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেন বৈষম্যবিরোধী ● রুপালী ফটো

ডাকসু নির্বাচন

উৎসবের আমেজ, ২৮ পদে ৫৬৫ জনের মনোনয়ন সংগ্রহ

রুপালী প্রতিবেদক

বিপুল উৎসাহ-উদ্দীপনা আর উৎসবমুখর পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহের সময় শেষ হয়েছে। ডাকসুর ২৮টি পদের বিপরীতে মোট ৫৬৫টি মনোনয়নপত্র বিক্রি হয়েছে। আর হল সংসদ নির্বাচনের জন্য ১৮টি হলে বিক্রি হয়েছে ২ হাজার ২২৬টি মনোনয়নপত্র। আজ মঙ্গলবার বেলা এটার মধ্যে প্রার্থীদের মনোনয়নপত্র জমার শেষদিন থাকলেও সন্ধ্যা রাতে আরও একদিন সময়সীমা বাড়ানো হয়। মনোনয়নপত্র কেনার পাশাপাশি বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির, বাম ছাত্রজোট, ছাত্র অধিকার পরিষদসহ সংগঠনই স্বতন্ত্র জোট আনের প্যানেল ঘোষণা করেছে। তবে গতকাল সোমবারও প্যানেল চূড়ান্ত করতে পারেনি ছাত্রলীগ। দলটির নেতারা বলছেন, আজ মঙ্গলবার বিকালের মধ্যেই চূড়ান্ত প্যানেল ঘোষণা করবেন। একই সঙ্গে তারা প্রশাসন এখনো ডাকসু নির্বাচনে লেভেল প্লেয়িং

এরপর পৃষ্ঠা ১১ | কলাম ৫

উৎসবের আমেজ, ২৮ পদে ৫৬৫ জনের

(শেষ পৃষ্ঠার পর)

ফিল্ড তৈরি করতে পারেনি বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল্লাহান সিফাত। গতকাল সন্ধ্যায় এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, ছাত্রলীগের ঐতিহাসিক ঐতিহ্যে উদ্বুদ্ধ হয়ে এবারো শিক্ষার্থী ডাকসু নির্বাচন বানচালের ষড়যন্ত্র করছে।

গতকাল সন্ধ্যা থেকে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের কৃতীয় তলায় রিটার্নিং কর্মকর্তার অফিসের সামনে মনোনয়ন ফরম সংগ্রহে প্রার্থীদের উপস্থিতি ছিল দেখা যায়।

সরেজমিন দেখা যায়, প্রার্থীদের সঙ্গে এসেছেন তাদের সমর্থকেরাও। আগে মনোনয়ন ফরম যারা নিয়েছেন, তারা জমা দিচ্ছেন। স্বতন্ত্র প্রার্থী ও রাজনৈতিক ছাত্র সংগঠনসমূহের প্রার্থীদের উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়েছে রিটার্নিং কর্মকর্তার অফিসকক্ষে। আগামী ২১ আগস্ট পর্যন্ত প্রার্থীদের বাজাই প্রক্রিয়া চলবে। এরপর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মেডিকেল অনুষ্ঠিত ৭৫ আগামী ২৩ আগস্ট।

এদিকে মনোনয়ন ফরম সংগ্রহের আগেই আক্রমণবিরোধী শব্দানের অভিযোগ উঠেছে ছাত্রদলের নেতা তানভীর বাসী রাসিমের বিরুদ্ধে। গতকাল বেলা সাড়ে ৩টায় পর তানভীর বাসী অর্থসহবিক নেতাকর্মীকে সঙ্গে নিয়ে মিছিল ও স্লোগান দিতে দিতে মনোনয়ন ফরম সংগ্রহ করতে আসেন।

মনোনয়ন সংগ্রহের পর৩ তারা সিনেট ভবনের তৃতীয় তলায় একই স্লোগান দেন, যা ডাকসু আচরণবিধির স্বরাসরি লঙ্ঘন।

প্রত্যক্ষদর্শী কয়েকজন বলেন, মিছিলে ৫০ থেকে ৬০ জনের মতো নেতাকর্মী ছিলেন। তারা 'শরহীয়ের হাওয়া, এখনো বহমান', 'আমার ভাই তোমার ভাই, হামিম ভাই হামিম ভাই'সহ নানা স্লোগান দেন। নির্বাচন কমিশনের সদস্য ড. গোলাম রব্বানী বলেন, এটি সুস্পষ্ট আচরণবিধি লঙ্ঘন। অনুরোধ জ্ঞাপন, তারা যেন আগামীতে এটি আর না করে।

অভিযোগের বিষয়ে তানভীর হাসিম বলেন, 'আরলীগ আমলে শিক্ষার্থীরা যখন প্রশাস গড়তে পারেনি। দীর্ঘদিন পর ছাত্ররাজনীতি উৎসবমুখর পরিবেশে তাদের আনন্দের বহিঃপ্রকাশ এই মিছিল। কাজ-কলামে অনেক কিছু বেমানান থাকে, তবে শিক্ষার্থীরা এটা করেছে তাদের আনন্দের জায়গা থেকে।'

সর্বোচ্চ মনোনয়ন নিজি শহীদুল্লাহ হলে, তার বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলে। ছাত্রলীগের মনোনয়নপত্র সংগ্রহের পরিসংখ্যান অনুযায়ী ভ, মুহসিন শহীদুল্লাহ হলে সর্বোচ্চ ২৭ জন এবং বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলে সর্বনিম্ন ২৯ জন মনোনয়নপত্র নিয়েছেন। এ ছাড়া সলিমুল্লাহ মুসলিম হলে ৭১ জন, জগন্নাথ হলে ৬৩ জন, ফজলুল হক মুসলিম হলে ৭৮ জন, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে ৯৩ জন, রোকেয়া হলে ৪৩ জন, সূর্যসেন হলে ১০ জন, রাজী মুহম্মদ মুসলিম হলে ৭৪ জন, শামসুন নাহার হলে ৫৭ জন, তারি জাসিমউদ্দীন হলে ৭৪ জন, বুদ্ধিজেয়ো জিয়াউর রহমান হলে ৮৭ জন, শেখ মুজিবুর রহমান হলে ৬৯ জন, শেখ হাসিনা-বুয়েট হলে ৩৩ জন, আবার একুশে হলে ৮৪ জন, কবি সুফিয়া কামাল হলে ৪৩ জন, বিজয় একাত্তর হলে ৮৮ জন এবং তাপি এ এফ রহমান হলে ৭৩ জন মনোনয়নপত্র নিয়েছেন।

ঘোষণা হয়নি ছাত্রদলের ডাকসু প্যানেল: ডাকসু নির্বাচনে গতকালও নিজেদের পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করতে পারেনি বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। সংগঠনটির শীর্ষ নেতা দিয়ে বিভক্তির ওজন শোনা যাচ্ছে। ফলে অবিলম্বে নেতাকর্মীরা স্বতন্ত্রভাবে মনোনয়ন ফরম সংগ্রহ করতে দেখা গেছে। ছাত্রদল নেতাদের দাবি, মনোনয়ন ফরম সংগ্রহের পর আজ সিঞ্চনিতি আনুষ্ঠানিক ঘোষণার তাদের চূড়ান্ত প্যানেল ঘোষণা করবেন।

গতকাল দুপুরের পর থেকে ছাত্রদলের একদিক শীর্ষ নেতাকে আলাদাভাবে মনোনয়ন ফরম নিতে দেখা যায়। তেমন একটা দিকে বি এম জাউয়াদ ও আবিদুল ইসলাম খানের নেতৃত্বে ছাত্রদলের একাংশ মনোনয়ন সংগ্রহ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আবিদুল ইসলাম খান বলেন, 'আমরা এখন শুধু মনোনয়ন ফরম সংগ্রহ করছি। তবে কারা কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন, সেই চূড়ান্ত সিদ্ধান্ত তাদের হয়মান দেবেন। কেন্দ্রীয় সিদ্ধান্তের ভিত্তিতেই জনসুর প্যানেল গঠিত হবে।'

ছাত্রশিবিরের প্যানেলের নেতৃত্বে সভিক-মহজাদ-ডাকসু নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে 'ইনক্লুসিভ (অন্তর্ভুক্তিমূলক) প্যানেল ঘোষণা করেছে ইসলামী ছাত্রশিবির। পাশেলে শিগিয়ের বাইরে ঢাকায়, প্রতিবন্ধী, গুলাইয়ে আহত শিক্ষার্থী, আদ বাংলাদেশ, ইনকিলাব মঞ্চ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে শক্তভাসম্পন্ন শিক্ষার্থীদের প্যানেলে রেখেছে সংগঠনটি। বয়েছেন বিভিন্ন সময়ে আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী চার নারী শিক্ষার্থীও।

গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় ডাকসুর প্রধান রিটার্নিং কর্মকর্তার অফিস সামনে এক সংবাদ সম্মেলনে প্যানেল ঘোষণা করা হয়। এর আগে তারা মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এ ছাত্র মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সংশ্লেষক পদে 'ইনসিলার মঞ্চ' থেকে যুক্ত হয়েছেন ভার্সিটা তাসনীম জুথা। প্যানেলে বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে রয়েছেন ইকবাল হাসনাত, ফলকলয়, ভিভিডেন্স ও অ্যাকোটেবিয়া সম্পাদক পদে উঠে সাদয়া, আন্তর্জাতিকবিষয়ক সম্পাদক পদে রয়েছেন খান জসিম।

ডাকসুতে সদস্যপদ মোট ২৮টি। এসব পদে মনোনয়ন পেয়েছেন সর্ব মিত্র চাকমা, ইমরান হোসেন, কেনন হোসেন তপু, জনেন উদ্দিন সরকার তন্ময়, মিলতাজুল হোসাইন আল মাকসুদ, যাজ্ঞায়াজ্ঞল ইসলাম সুজায়িদ, হাইসুল ইসলাম, সাবিকুন নাহার তাম্মান্না, শাহিয়ান হয়মান, আফসানা আক্তার, আবদুল্লাহ আল হাবিবুল, রায়হান উদ্দিন ও আলাপ ইশে মসির।

বাম ছাত্রজোটের প্যানেলে ছিপি ইমি, ছিএস মেঘমল্লার, ডাকসু নির্বাচনে আংশিক প্যানেল ঘোষণা করেছে বামপন্থী ছাত্র সংগঠনগুলোর সম্মিলিত জোট গণতান্ত্রিক ছাত্রজোট। গতকাল বিকেলে মনোনয়ন ফরম সংগ্রহ করে আংশিক প্যানেল ঘোষণা করেন তারা। আজ মঙ্গলবার ছাত্রদের দাবির সঙ্গে ঘোষণার কথা রয়েছে।

ছিপি পদে মনোনয়ন নিয়েছেন শামসুন্নাহার তন হাম, সাধনের সংকে ছিপি শেখ তাসনিম আফরোজ ইমি এবং ছিএস পদে ছাত্র ইউনিয়নের (বৈপ্লবিক) ঢাবি শাখার সভাপতি মেঘমল্লার সরকার বসু। এ ছাড়া, এডিএস পদে মনোনয়ন নিয়েছেন শিবলী ছাত্র মৈত্রীর সাধারণ সম্পাদক জাবির তাহমিদ জুবেল।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ঢাবি শাখার সভাপতি মোজাম্মেল হক প্যানেলে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক পদে প্রার্থিতায় মনোনয়ন নিয়েছেন।